

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দেওয়ানগঞ্জ, জামালপুর।

<http://dewangonj.jamalpur.gov.bd>

স্মারক নং-০৫.৪৫.৩৯১৫.০০০.০০.২০২১- ১৭

তারিখঃ ১৭/০২/২০২১খ্রি.

১৪২৮ বঙ্গবন্ধু হাটবাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ২১-৯-২০১১খ্রি. তারিখের ৪৬.৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নং স্মারকে জারীকৃত নীতিমালা মোতাবেক দেওয়ানগঞ্জ উপজেলার নিম্নলিখিত হাটবাজার ১৪২৮ বাংলা সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১(এক) বছরের জন্য নিম্নবর্ণিত শর্তে ইজারা প্রদানের লক্ষ্যে ইজারা বন্দোবস্ত গ্রহণ করতে ইচ্ছুক সকল ইজারাদার/ ঠিকাদার/ ব্যক্তি/ ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফরমে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

০১। সিডিউল প্রাপ্তির স্থান : (ক) জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর(স্থানীয় সরকার শাখা) (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দেওয়ানগঞ্জ, জামালপুর, (গ) উপজেলা ভূমিঅফিস, দেওয়ানগঞ্জ, জামালপুর(ঘ) দেওয়ানগঞ্জ মডেল থানা (ঙ) সোনালী ব্যাংক, দেওয়ানগঞ্জ বাজার শাখা হতে প্রত্যেক কার্যদিবসে অফিস চলাকালিন তালিকায় বর্ণিত নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) নিম্নেবর্ণিত তারিখে দরপত্রের আবেদন ফরম দাখিলের পূর্ব কার্যদিবস পর্যন্ত ক্রয় করা যাবে।

০২। দরপত্র দাখিলের স্থান : (ক) জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর(স্থানীয় সরকার শাখা) (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দেওয়ানগঞ্জ, জামালপুর, (গ) উপজেলা ভূমিঅফিস, দেওয়ানগঞ্জ, জামালপুর।

০৩। দরপত্র সিডিউল ফরম বিক্রয়, দরপত্র দাখিল ও দরপত্র খোলার সময়সূচিঃ

পর্যায়	সিডিউল বিক্রির শেষ তারিখ	দরপত্র গ্রহণের শেষ সময় ও তারিখ	দরপত্র খোলার তারিখ ও সময়	মন্তব্য
প্রথম	০৭/৩/২০২১ খ্রি.	০৮/৩/২০২১ খ্রি. দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত	০৮/৩/২০২১ খ্রি. দুপুর ২:০০ ঘটিকা	-
দ্বিতীয়	১৫/৩/২০২১ খ্রি.	১৬/৩/২০২১ খ্রি. দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত	১৬/৩/২০২১ খ্রি. দুপুর ২:০০ ঘটিকা	১ম পর্যায়ের ইজারাকৃত হাটবাজারের ক্ষেত্রে প্রযোজ্য নয়
তৃতীয়	২৩/৩/২০২১ খ্রি.	২৪/৩/২০২১ খ্রি. দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত	২৪/৩/২০২১ খ্রি. দুপুর ২:০০ ঘটিকা	২য় পর্যায়ের ইজারাকৃত হাটবাজারের ক্ষেত্রে প্রযোজ্য নয়
চতুর্থ	৩০/৩/২০২১ খ্রি.	৩১/৩/২০২১ খ্রি. দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত	৩১/৩/২০২১ খ্রি. দুপুর ২:০০ ঘটিকা	৩য় পর্যায়ের ইজারাকৃত হাটবাজারের ক্ষেত্রে প্রযোজ্য নয়
পঞ্চম	০৭/৪/২০২১ খ্রি.	৮/৪/২০২১ খ্রি. দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত	৮/৪/২০২১ খ্রি. দুপুর ২:০০ ঘটিকা	৪র্থ পর্যায়ের ইজারাকৃত হাটবাজারের ক্ষেত্রে প্রযোজ্য নয়

বি: দ্র : ১. দরপত্র খোলার নির্ধারিত তারিখ ও সময়ে দরপত্র দাতাদের সন্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে।

২. জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর এ কোন দরপত্র জমা পড়লে ই-মেইল/টেলিফোন বার্তায় নিশ্চিত হয়ে নির্ধারিত সময়ে দরপত্র খোলা কার্যক্রম বন্ধ রাখা হবে এবং উক্ত কার্যালয় হতে হাতে হাতে দরপত্র অত্র কার্যালয়ে পৌঁছার পর একত্রে দরপত্র খোলা হবে।

হাটবাজারের বিবরণ :

ক্রমিক নং	ইউনিয়নের নাম	হাটবাজারের নাম	ইজারার সরকারি মূল্য	সিডিউলের মূল্য
১	চর আমখাওয়া	সানন্দবাড়ী হাট	=৮১,৪৯,৯১৬/-	=১৭,০০০/-
২	ডাংধরা	কাউনিয়ারচর হাট	=২৮,৮৬,৬৩০/-	=৬,৪০০/-
৩		বাঘারচর হাট	=২,৩১,৫০৪/-	=১,২০০/-
৪	পাররামরামপুর	তারটিয়া হাট	=২৬,১৮,২০০/-	=৬,০০০/-
৫		মোয়ামারী হাট	=১৩,৩০৭/-	=৫০০/-
৬		ডিহিরচর হাট	=১,৩৮,১১১/-	=১,০০০/-
৭	বাহাদুরাবাদ	বালোরচর হাট	=২৩,৬৮,৩২৬/-	=৫,৪০০/-
৮		বাহাদুরাবাদ হাট	=৯,৮৩১/-	=৫০০/-
৯		কলাকান্দা হাট	=৪৮,৪৪২/-	=৫০০/-
১০		শাহজাদপুর হাট	=২,২১২/-	=৫০০/-
১১	হাতীভাঙ্গা	কাঠারবিল হাট	=৫,১৯,৭১৮/-	=১,৮০০/-
১২		আমখাওয়া হাট	=২৯,১১৪/-	=৫০০/-
১৩	দেওয়ানগঞ্জ	খড়মা হাট	=১,১৮,৩৭০/-	=১,০০০/-

(Handwritten signature)

হালা ১৪২৮ এর ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট বাজার ইজারা দেওয়া হবে।

১। দরপত্র দাতাকে উদ্ধৃত মূল্যের ৩০% অর্থ জামানত হিসাবে যে কোন তফশিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর এর অনুকূলে জমা দিতে হবে অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহিতা নিয়মিত হাটবাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যাৰ্পণ করা হবে।

৩। যাহার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ মোট দাখিলকৃত দরের ওপর অতিরিক্ত ৫% আয়কর ও ১৫% ভ্যাট অবশ্যই একই সংগে পরিশোধ করতে হবে অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট বাজারের সরকারি মূল্যের কম হয় তাহলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে।

৫। এক হাটবাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত বাজারের দরপত্র হিসাবে ব্যবহার যাবে না।

৬। খামের ওপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার কর্তৃক অনুমোদিত টোল-রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল-চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাটবাজার অন্যের নিকট সাবলিজ দিতে পারবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ইজারাদারকে তার নিজ খরচে =৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প উপজেলা নির্বাহী অফিসারের সাথে চুক্তিনামা সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাটবাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার ওপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাটবাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাটবাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৭। ইজারা কার্যক্রম চূড়ান্ত না হওয়া পর্যন্ত দরদাতাগণের কোন ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবমুক্ত করা হবে না।

১৮। উল্লিখিত হাটবাজারসমূহ ইজারা সংক্রান্ত বিষয়ে সময়ে সময়ে সরকার কর্তৃক জারীকৃত আদেশ, নির্দেশ অবশ্যই ইজারাদারকে বাধ্যতামূলকভাৱে মানিয়া নিতে হবে।

১৯। চুক্তিপত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

২০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯/২/২০২১
এ.কে.এম আব্দুল্লাহ বিন রশিদ
উপজেলা নির্বাহী অফিসার
দেওয়ানগঞ্জ, জামালপুর।
তারিখঃ ১৭/২/২০২১ খ্রি.

নং-০৫.৪৫.৩৯১৫.০০০.০০.২০২১- ১৭

অনুলিপি অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের জন প্রেরণ করা হলো :-

- ১। জেলা প্রশাসক, জামালপুর।
- ২। পুলিশ সুপার, জামালপুর।
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), জামালপুর।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেওয়ানগঞ্জ, জামালপুর।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার....., (সকল) জেলা-জামালপুর।
- ৬। মেয়র, দেওয়ানগঞ্জ পৌরসভা, দেওয়ানগঞ্জ, জামালপুর।
- ৭। সহকারী কমিশনার (ভূমি), দেওয়ানগঞ্জ, জামালপুর।
- ৮। অফিসার ইনচার্জ, দেওয়ানগঞ্জ মডেল থানা, দেওয়ানগঞ্জ, জামালপুর।
- ৯। ম্যানেজার, সোনালী ব্যাংক, দেওয়ানগঞ্জ বাজার শাখা।
- ১০। চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ (সকল), দেওয়ানগঞ্জ, জামালপুর।
- ১১। সম্পাদক, দৈনিক.....বিজ্ঞপ্তিটির মূল অংশ সংক্ষিপ্ত আকারে তার পত্রিকার ভেতরের পাতায় নির্ধারিত তারিখের ১৫(পনের) দিন পূর্বে শুধুমাত্র ০১(এক)দিন প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা..... ইউনিয়ন ভূমি অফিস, দেওয়ানগঞ্জ, জামালপুর। তাঁকে হাট/ বাজারে ঢোলসহরতের মাধ্যমে অন্ততঃ ২(দুই) দিন প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
- ১৩। জনাব.....ইজারাদার.....হাট/ বাজার, দেওয়ানগঞ্জ, জামালপুর।
- ১৪। নোটিশ বোর্ড।

১৭/২/২০২১
উপজেলা নির্বাহী অফিসার
দেওয়ানগঞ্জ, জামালপুর।